ভংড়ীয়া, sons > of jesters and buffoons > ভংড়ীয়া ঃ ভংড়ীয়া ভংয়র করির ধইরচে।

ভরনি; dress, clothes > ভরনি ; to add some thing.—মোর কথাৎ ভরনি
দিস কেনে ?

ভরভরি, a swelling > ভরভরি ;expression of pride ; মানষিটার এ্যালা খুব ভরভরি হইচে।

ভাও intention > ভাও i) order ; মাও নাই যার ভাও নাই তার।
ii) price ; মসংয়ের ভাও কি ?

ভূমিচাল 7 ভুইচাল — ভইচাল আইসচে।

ভুকুনা 7 ভুকা — বাড়া ভুকায়

ঘুষ > ঘুষা — i) ঘুষ ঘুষানি জবর = ঘুষঘুষানি জবর খাব বেয়া জিনিস।
ii) ঘুষা to hide onself = এটি কোটে ঘুষালু ?

কুল মিলকর 7 কুল্যায় মিলি = কুল্যায় মিলি মোরটে দশে টাকা আছে।

ভেট 7 ভাটাইত — ঐ মানষিটা ভাটাইত গিরি করে।

বিতানা 7 বিতা — i) এতলা দিন বিতালু ফাকে ফাকে।
ii) বিতা কালি, yesterday

বীচ middle > বীচৎ in the middle — সগারে বীচৎ মুই এই কাথাটা রাখলুং।

বীচকাথ (mainly) = বীচকাথা উঙায় এই কাম করির পাবারে না হয়।

সংতরা > সন্তরা = orange.

বাই 7 বাই elden sister.

খাও 7 খাওয়া 7 খাউয়া

কানপট্টী 7 কানপাটি—কান পাটিত চওড়াইচে।

ভাবিজ্জী 7 ভাউজ্জী,

সান্তালী উপাদান

সান্তালী — কামতাপুরী

আঠকুড়িয়া (athkuriya) > athkuriya (আঠকুড়িয়া), অপুত্রক

ভিড়া (bhira) 7 ভিড়া (bhira), টিপি

উদাঃ— জাকন গুলা ভিড়া বান্দিচে।

ভুতকুড়া (bhutkura) 7 ভুটকা (bhutka); অল্প বয়স্ক।

—বীচ ভুটকাইল। ভুটকা বিরা ছাওয়া।

ধুমা ধুমা (dhumadhuma) > ধুম ধুমা (fully developed)
—রামের কইনা ছাওয়াটা ধুম ধুমা হয়া গেইচে, এলাও বিয়াও নাই দেয়।

ঘুট-মাট (ghut-mut) 7 ঘোটলা — জল ঘোটলাও।

মুণ্ড উপাদান

মুন্ডা — কামতাপুরী

অটম-টোকারি (atomtokari), ecomically 7 টম টমা — মাচা ধানে টমটমা।

বিলা bila 7 বিলা ঃ বিতরণ করা — আসুক পুষ কুলায় কুলায় বিলাইম তুষ।

ডেংগুয়া > ডেংয়ুয়া > ডাংয়ুয়া/ডাঙুয়া ; অবৈধ পতি,

গেদ্রা > গেদর dirty — তুই কেমন গেদরা মানষি রে।

হুকেরি > হুকারি response — মুই শোলক কং, তুই হুকারি দে।

জুনা > জনি, জুন্নি ; জুন্নি দেওয়া — সউগ কথাত জুন্নি দিস কেনে ?
জুন্নি থাকি সম্ভবত 'যোনি' শব্দর উপজন।

জুতি, a bird not (ফান বা জাল) 7 জুলি, যুক্তি — জোংয়ালের যুক্তি ;
জোংয়ালের জুলটি।

মাই > মাইয়, মাইয়া

মুগা > মুগা (silk cocoon)

মুঠন (muthon) 7 মুঠি (muthi)

উবুবিজা > উবুরিয়া > উবুরি (lie down on the belly)
—উবুরি দেওয়া ছাওয়া।

ওটাঙ্গাও (otaga) to be carried away by the wind > টাঙ্গাও
—কাপড় খান টাঙ্গেয়া দেও।

ঝেরেকা > স্যারেকা > স্যারকা, স্বাদহীন = পাতলা রঙ্
—স্যারকা পরা রঙ্

ঝোতা 7 সোতা — বাঁশবাড়ীর ওপাকে জলের সোতা' ছে।

যেটুবেই; যেটুওই 7 টাটায় — মাঘ মাসের শীতত গাও টাটায়।

ত্যাই উপাদান

তাই উপাদান খুব কম বুলি কওয়া যায়। নীচত্ নমুনা দেওয়া গেইল ঃ—

জান (zan) > যান (jan), নদীত্ বা নালাত্ মাছ ধরার ব্যবস্থা।
—উমরা নদীত্ যান ধইরচে।

ফাউ (phau) 7 ফাও (phao) 7 ফাও, গর্তার উপরত কোনো কিছু।
— এক পোন গুয়ার ভিতরত ৫টা ফাও দেওয়া নাগে।

থোংয়া (thonghan) 7 ঠোংয়া, ব্যাগ — সয়দাগুলা ঠোংয়াত্ নেক।

রংঘর (ranghar) 7 রংঘর

ডোগ° 7 ডোঙা 7 ডোং, জল যাবার নামদানি ঘাটা

মালোয়াসী শব্দ

জিত 7 যিত 7 ঝিত, নিঃশব্দ — ঝিত করি রলু কেনে ?

বিল 7 বিলা — বিতরণ করা

ভোঁদা 7 ভোদা, বোকা

সারা সাউল 7 কারা চাউল

সাপর 7 ছাপর > ছাপরা — টিনের ছাপরা

গোর 7 গোরা (heel) — ঠ্যাংয়ের গোরাত ঘাউয়া

হোলনা 7 হোলোং; বাঁশের তুরতুরা করা আগাল

খং > খেং উদঃ— খেং খ্যাংয়াইস কেনে ?

কুয়ান 7 কুয়াং (বনুয়া কুকুর), কুয়াং বাঘ

কেলা 7 কেলা; — আমটা কেলাও।

কমর 7 কামর ঃ কামড়ান

লিন্দগারা 7 গারা, খাল।

মেজ 7 ম্যাচ ম্যাচ করা — শরীল মোর ম্যাচ ম্যাচ করির ধইরচে।

ননন 7 নানা 7 নানান; বিভিন্ন পরকার

পগলা 7 পাগলা (পাগল)

ঝোলা > সোলা, — সোলা মুখ

ঝলা > সালা, — কাপড় সালাও

তুকুরা > টুকুরা — গছটা টুকরা টুকরা ছ্যাও কর।

টিঙ্ > টিং — টিং টিংয়াত্ চড়ি আচিস কেনে ?

টিক > টিকা ঃ সহ্য করা

তিলা > টিলা — পাহারের উচা জাগা

তোপা 7 টোপা — গরুর টোপা; ধান থোওয়া টোপা।

টিলাকান্তি, টিলকানি > তিলকানি > কিলকানি

বড়ো

জিরা > জিরা > বিশ্রাম নেওয়া

বাখেলিয়া, বাখলিয়া > বাখলা — গছের বাকলা।

গাব (রঙ) 7 গাব — কাপড় গাবাও।

সিলেক 7 চিলেক 7 ছালাও — গছটাক ছালাও।

ডুব্লী 7 ডাবরী (মাঠ) — ডাবধীত গরু আছে।

মৈথিলী শব্দের অনুপ্রবেশ

অগন্তি মৈথিলী ভাষার শব্দের অনুপ্রবেশ ঘইটছে এ ভাষাৎ।
কবি বিদ্যাপতির কবিতাত মেলা শব্দ আছে যেইলা এই ভাষাতও ঢুকি গেইচে ঃ—

১) সোই, কোকিল অব লাখ লাখ ডাকউ
লাখ উদয় করু চন্দা।
পাঁচবান অব লাখবান হোউ
মলয় পবন বহু মন্দা।
অব মুঝ যা পিয়া সঙ্গ হোয়ত
তবহু মানব নিজ দেহা
বিদ্যাপতি কহ অলপ ভাগি নহ
ধনি ধনি তুয়া নব লেহা

২) আজু রজনী হাম পোহায়লুঁ
পেখালু পিয়ামুখ চন্দা
জীবন যৌবন সফল করি মানলুঁ
দশ দিশ ভেল নিরদন্দা

৩) .. গরুয়া নিতম্ব

মৈথিলী — কামতাপুরী

ভাকউ 7 ভাকাউ উদাঃ— খালি ভাকাউ ভাকাউ করিলে লাভ কি?
কাজত দেখাবার নাগে।

হোয়াৎ; হোউ>হোয়াৎ — তুই পাশ হোয়াৎ মুঞ ভাল পাইচং।
দেহা 7 দেহা — দেহাটা মোর নাজুক হইচে।
অলপ>অলপ — মোক অলপ দুধ দে।
ভাগি>ভাগি — কার পাপের ভাগি কায় হয়।
হাম 7 হামরা — হামরা এলা যামো।
পোহালুঁ>পোহালুঁ — উস্পিস করি নাত্যিটা কাটালুঁ
মানলুঁ 7 মানলুঁ
গুরুয়া 7 গুরুয়া — গুরুয়া ঢোংয়লত দৈচুড়া খাওয়ার ভাল।
নেপালী — কামতা
fuel — (wood)
দাউরা 7 দারুয়া
fugitive— ভগুবা 7 ভাগুয়া
frivolous— তুচ্ছ>হুলুং>হুলুং (ছিদ্র, ছেন্দা)
friction; (rubbing), দলাই 7 দলাই; কমলা দলাই
ঝগরা 7 ঝগরা (quarrel)
Fright এক্কাসিকোডর>এক্কাশি — এক্কাশি মানষিটা জেদ করির নাইগচে।
Frock জামা>জামা, ঘাগরি 7 ঘাগরা

Fuge গালনু> গলাউনু 7 গলালু; গলানুং — দাওয়া গলানুং।
Gorgious— ঝকমক>ঝকমক, ঝমককি।
Grass ঘাস> ঝার>ঝার=কোকরাঝার
Gaze চর্নু>চরাউনু 7 চরানুঁ — জঙ্গলত গরু চরানুঁ।
Sedan— পালকি; ডোলি>ডেলি (K.L.)
Sediment— থেক্রো>থ্যাকরা — গছ পড়ি পিঠিখান থ্যাকরে গেইচে।
মেরো>মোর — মোক ভোগ ধইরচে।
সং-ময়ি>মুই, মৈথিলী, নেপালী— মুঁ
Wound— ঘাউ 7 ঘাউ/ঘাউয়া
Conquer— জীতনু 7 জিতনু
Dispute— ঝগরা 7 ঝগরা
Easy (সহজ) হুলুং 7 হুলুং — হুলুং দিয়া জল পড়ে।
Ebb উত্রাই 7 উত্রি-যাওয়া
Earnings (কামাই) 7 কাম্মাই > কামাই
কহংনু>কনু, কথা কনু > কনু — মুঁই কথা কনু।
নজিক Near 7 নজিক=উয়ার নজিক না যাইমু।

খাসি শব্দ

কিংখাপ 7 কিংখাপ — এক নাকান কাপড়
খামস >খামক 7 খামটি : দাওয়াটা খামটি ধইরচে
ভিনা>ডিঙ্গা : নৌকা
ডন 7 ডং 7 ডোং — জল যাবার ঘাটা।
হৈন, হেন 7 হনা, হেনা i) ইয়া কওয়া হয়। ii) এমুন কওয়া হয়।
মুঁই হেনা যাঙ। এমুন কচিস হেনা?

জানজল > জঞ্জাল (জাবুরা) (অসুবিধা)।

i) ঘরের জঞ্জাল গুলা সারাও।

ভুর 7 ভুরা — কলার ভুরা, নদী পার হওয়ার বাদে নাগে।

বোন্দা > male cat 7 ভোন্দা। ভোন্দা বিলাই।

মৈনা bent, crooked > মেনা ; মেনা গাই;

উদাঃ— হাইচাও রে মেনা গাই

তোর কপালে দুধ ভাত নাই। (গোন্নাথের গান)।

হাওফাও unusual move of lungs > হাওফাও করে কলিজাটা।

বিদেশী শব্দ

বিদেশী শব্দ এই ভাষাত জাগাকরি নিচে আরো নিবার ধইরচে। আর পার্সি, ইংরেজী, ফরাসী, ওলন্দাজ ইত্যাদি ভাষার মেলা শব্দ এই ভাষাত ঢু গেইচে, আরো ঢুকির ধইরচে ঃ—

ফম, গিলাপ, আংচা, ছোলা, হরতন, রুইতন, ইস্কাবন, হাকিম, কা আমির, হুকুম, নমাজ, চেয়ার, টেবিল, ন্যালটেং, স্যাম্প, কাপ, ইস্কুল, দা আলমারি, বেকারি এই নাকান মেলা মেলা শব্দ এই ভাষাত ঢুকির ধইর এই শব্দলাক নিয়া কামতাপুরী ভাষাটা উন্নত করা যাবার পায়।

নিজস্ব শব্দ

কামতাপুরী ভাষার পরধান বৈশিষ্ট্য হইল ইয়ার শব্দ সম্ভার খুব বেশ বস্তু আরো ব্যক্তি সত্তার গতি প্রকৃতি ও ব্যবহারক লক্ষ্য করি এই ভাষার শ সম্ভার তৈরি হয়া থাকে। যার ফলত সৃষ্টিশীল বাচক গোষ্ঠীর সাথত আম নিয়তই দেখা দেখি হবার পাই।

যেমন— উড্ডাগাটি ছাওয়া

চেংরালা গিটগিটিয়ার ধইরচে

ডাং ডাংয়া ফাটা

কেল কেলেবার ধইরচে।

নেমসি পরা ছাওয়া।

উপরত বাক্য গুলাত

উড্ডাগাটি, গিটগিটা ডাং ডাংয়া

কেল কেলা নেমসি শব্দ ও ধাতুলা

কর্তার রকম আর ব্যবহার অনুসারত কওয়া হইচে। এই নাকান নয়া নয়া শব্দ সৃষ্টি হয়া থাকে। এই বাদে ভাষাটাক জীবন্ত ভাষা কওয়া হয়া থাকে।

১) মাছ ধরার যন্ত্র বাচক শব্দ ঃ— বুরুং, জংলা, ঠুঁসি, ধোরকা, জাকই, খলাই, চাক, ঝোকা, যান, ছ্যাচেলা, দেওয়া, খাদিনী, পাতা, হাড়িয়া জাকই, ঘুনি জাকই, কোচা, থোর কোচা, সিকটি জাল, টংসি জাল, টানাজাল, কেতাজাল, ঠেলা জাল, ফেরকি জাল।

২) কৃষি কাজের যন্ত্র ঃ— নাঙ্গল, জোংয়াল, মই, ফাল, বেদা, হাচকিনী, জুটকি, চুটকি, বাসা, খিলা, ডান্টি, ন্যাংরা, মুটি, প্যাস্টা, প্যান্টি, নব্দা, ডাকালি, ঠেঙা, ভোচলা ঠ্যাঙা, গাঠিয়া নব্দা, ইষ, পাসি, ডাকুয়া, কুষ্ঠি।

৩) ইটা, থুকুরা, জাবুরা, ভুসি, ঘুসুরা, জাকন।

৪) সোল, বোয়ালী, খইলসা, পুটি, সিঙ্গি, মাগুর, ডাইরকা, চেংটি, পুইঞা, গতা, করতেয়া, ইচলা, ধুতুরা, টেংনা, কুরস্যা, কুচিয়া, গড়াই, শাল, কাকড়া, টেপা, ইলসা, বালি, ঘোড়েয়া, রুই, কাতলা, চিতল, ভাংনা, গুজি, শাল ডাইরকা, পওনা, শাটি, গরাই, কই, ফেসা, শাল ধুতুরা। (মাছের নাম)

৫) ছাম, গাইন, উরুন, শামা, খোটাই, ঘাটা, নোটাই, ছামের গাল।

৬) চাইলন, কুলা, দোন, ডোল, চংয়াই, খই চাইলা চংয়াই, ধান ঝারা, চংয়াই, ঢোকসা, ব্যার, মাচা, গোলা।

৭) পিড়া, ডোকলা পিড়া, চ্যাপটা পিড়া, বড় পিড়া, চাকিপিড়া, ন্যাপটা পিড়া, উচাপিড়া

৮) হাতা, খন্তি, ঘুটুনি, ঝরকা, সরকা, তচলা, ডোকা, গামলা, নোটা, গিলাস, খোড়া, গারো খোড়া, খাসি, ডেসকি, হাড়ি, পসুন, সরেয়া, দিয়ারি, থিগারি, গছা, ন্যাম্পো, ন্যালটেং, পইলতা, সন্তা, ঠগা।

৯) কাঠিমালা. চন্দ্রহার, চাকিলী, ন্যৎ, ফেলাখাড়ু, তোলাখাড়ু, বাজু. মাখিরি, অন্তি, নোল, মুটা, আংটি, শ্রীআংটি, সুকিমালা, পুতিমালা, কানপাশা, চিকিগজমতি হার, চুড়ি, নুপর, তোলাখাড়ু।

১০) শাড়ি, পাটানি, বুকি, ওড়না. নেংটি, বিশনেংটি, জল গামচা, ফোড়া, এন্ডিফোতা, মুগাফোতা, উড়ির কাপড়, পরির কাপড়, চুসা, কম্বল, দাগিলা, কেতা, মুসুরি, বালুস, ঝোলঙা, ধুতি, শ্যামিচ, জামা, আংচা, গঞ্জি, পাগড়ী।

১১) নেডি খেলা, গুড় খেলা, চেমু, ভেটা, চিলা খেলা, ঘড়বুড়ি, বল, বৌপা-লাটি, গোল্লাছুট, নারিকেল দেওয়া খেলা, নাটিখেলা, ছোরা খেলা, বার পাইতা খেলা, ষোল পাইতা খেলা, কার খেলা, চটকু খেলা, মারবল খেলা, তাস খেলা, ফড় খেলা, নুকানুকি খেলা, ডুলকাভুলুক খেলা, দাড়িয়া বান্দা খেলা, ভেটা খেলা, চিলা খেলা, গুড্ডি উড়া খেলা, ভাতরান্দা, খেলা, পাশা খেলা, চুলাচুলি খেলা, চৈল ভৈল খেলা, ঝাপালি খেলা, জল খেলা, রং খেলা, গুটি খেলা।

১৩) কলাগাছের অংশগুলার নাম ঃ—

মুড়া, গছ, ঢোঙল, সোতর, ঢাকুনা, পাত, নেইচ পাত, ডান্ডি, মুঠি, মোকচ, খোল, সীপা, চোমসা, কলা, সিষ্টা, চোচা, ঝুকি, পিড়ি, ডিংরা, বোটা, ঝেল্লা

১৪) বিষ ঃ— পেটের বিষ ও দেহার বিষ

চিনচিনি বিষ, রমরমি বিষ, মটমটি বিষ, হাকাৎ হাকাৎ বিষ। পেট খোকড়া বিষ, ঝিম ঝিমানি বিষ। নাবি উবরা বিষ, ডোকরানি বিষ, টনটনি বিষ, টসর্টাস বিষ, সুলানি বিষ, টাটানি, গুতানি বিষ, মচরানি বিষ, ভাঙার বিষ, ডাঙ্গার বিষ, টকটকি।

১৫) জবর ঃ— শীত জবর, নাবিত জবর, কাপা জবর, গিটগিটি আইসা জবর, গাতা জবর, ভাত খাওরা জবর, কামাইর ভয়তু জবর, কাকো দেখি জবর, গুদগুদি মারা জবর, ঘুষণা জবর, কালা জবর, ম্যালেরিয়া জবর।

১৬) মন খুলবুলায়, কান্দে, কাউলায়, উসপিস করে, আউলায়, খোকরায় বেজার হয়, টেঙা করা, হোলক সোলক করা, ইগিল ডিগিল করা, উরাং বাইরাং করা; চিলাং ঝাটাং করে, কোচর মোচর হওয়া, টিকু টিকায়, টক টকায়।

দেহা ঃ—

ওরোস মোরস করে, মোচরায়, তকতকায়, গিটগিটায়, কাপে, ঢোলে, ন্যাঙেস প্যাঙেস করে, সুকটা নাগা হওয়া, ছলবলা হওয়া, নাদুস নুদুস হওয়া, উসপুসা, নুসপুসা, হোসপোসা, গলগলা হওয়া, চামটি নাগি যাওয়া।

চকু ঃ— চকুর পাতা, ভয়া, ছাওয়া, জল, নেবরাই পুজ, চকুর কোটা, কানি, ভুরু কালাডোর পরা।

কান ঃ— কান, উপরা কান তনানি কান, কানের নতা, কানের তালা, হাড়িয়া, পুজ, মইলা, কানের রস, কান ফোড়া

নাক ঃ নাক, নাকের ছেন্দা, নাকের বসটি, নাকের গোড়া আগাল, নাকের চুলি, নাক ফোড়া, নাকের তুলতুলা জাগা, বইসা নাক, ডন ডনা নাক

মুখ ঃ— উপরা ঠোঁট পিলাই দাঁত, সাইমনের দাঁত, ভেরা দাঁত, চিরল দাঁত, এন্দুর দাঁত, কোদাল দাঁত, তালু, দাতের গোড়া, জিবা. আলাজিবা. সোলা মুখ, বিজি মুখ, তুর তুরা মুখ, হা মেলা মুখ, বাটা মুখ, গোল মুখ, চাপা মুখ, থ্যাবরা মুখ, হোতলাই, গাল, গালাসি।

গালা ঃ— দীঘলা গালা, হাস গালা, খাটো গালা, সরু গালা, মোটা গালা।

পিটি ঃ— চেপটা পিটি, শুন পিটি, নামাপিটি. উপুরা পিটি, শক্ত পিটি, নরম পিটি, ছলছলা পিটি, ওদোর খোদর পিটি, ডাং সিদলা পিটি।

প্যাট ঃ— গণেশ প্যাট, ট্যাবপরা প্যাট, দীঘলা প্যাট, হোন্দোলা প্যাট, উচা প্যাট, খোকড়া নাগা প্যাট, নান্দুরা প্যাট, খলাই প্যাট

বুক ঃ— ওসার বুক, নরম বুক, ডাট বুক, ফুলা বুক, ভাঙা বুক, ভরা বুক, উদলা বুক

এমুন হাজার হাজার নিজস্ব শব্দে মাওয়ের ভাষার ভান্ডার পুর্ণ।

পদ ঃ

পদ পাচ নাকান

বিশেষ্য, বিশেষণ সর্বনাম ক্রিয়া অব্যয়

এইলার সংক্ষিপ্ত আলোচনা ঃ—

বিশেষ্য পদ ঃ—

বাড়ি ঘর গছ নদী রায় প্রভৃতি হইলে বিশেষ্য এইলাক প্রাতি পদিকও কওয়া হয়। সেলা ইমার সাথত প্রথমাদি বিভক্তির যোগ করা হয় সেলা এইলা পদ হয়।

বিশেষণ পদ ঃ—

বিশেষ্য সর্বনাম ক্রিয়া ও বিশেষণের গুণ দোষ অবস্থা পরকাশ কইরলে বিশেষণ পদ হয়। বিশেষণ সাধারণত বিশেষ্যের বিশেষণের সর্বনাম ও ক্রিয়ার আগতে বইসে ॥

যেমুন— ভাল ছাওয়া,
টকটকা লাল ফুল
ভমরালা বোকা
আস্তে আস্তে কথা কও।

বিশেষণ ঃ— সংখ্যা বাচক
পুরণ বাচক
গুণ বাচক
পরিমান বাচক
ক্রিয়া বিশেষণ
ক্রিয়া বিশেষণের বিশেষণ

১) সংখ্যা বাচক— এক দুই ইত্যাদি

পুরণ বাচক বিশেষণ ঃ— (ম, ঈয়, ঠ, অ) প্রভৃতি প্রত্যয় যোগে হ থাকে।

যেমুন— পঞ্চ + ম = পঞ্চম
তৃতীয়া + ঈয় = তৃতীয়
ষট + ঠ = ষষ্ঠ
এক + দশ + ত = একাদশ।

গুণ বাচক = গুণ দোষ পরকাশ করে ঃ—

সুশীল ছাওয়া, কালা গাই।

ইয়াৎ ছাওয়া, গাইর গুণ দোষ পরকাশ কইরচে।

পরিমান বাচক ঃ— অত, এত, এতলা, কোনলা, ভাইল্যা, গাস্যেক

ঐ বিশেষণ শব্দলার সাথত টা, লা, গুলা, জন প্রত্যয় গুলার যোগত বিশেষণ পদ গঠিত হয়া থাকে।

অত + টা = অতটা ভইস !
অত + লা = অতলা ধান !
এত + লা = এতলা ছাওয়া !
কত + লা = কতলা জাবুরা
কত + জন = কতজন খেলটু

ক্রিয়া বিশেষণ ঃ—

ইয়াক দিয়া ক্রিয়া সম্পাদনার রকম নাতেন অবস্থা বাতলে দেওয়া হয়।

যেমন ঃ— ভারে চলে; সুস্থিরত বসি; নক্তে দেয়।

ভারে, সুস্থিরত, নক্তে পর্যায় ক্রমত বিশেষণ গুলা ক্রিয়া সম্পাদনার পদ্ধতি নির্ণয় করে।

ক্রিয়া বিশেষণের বিশেষণ ঃ— (Adverb)

যেলা ক্রিয়া বিশেষণের, আরো বিশেষণে গুণ দোষ অবস্থা বাতায় সেলা ক্রিয়া বিশেষণের বিশেষণ হয়।

উঃ উয়ায় খুব ভারে চলে।
মধুমাছিলা মধুর গুণ গুণ স্বরত গান কল্লির ধইরচে।
কইনাটা কি সুন্দর নাচ করিল !
অমুন ভৈ ভৈয়া জোনাক উঠিচে !

উপরত— খুব, মধুর, কি, অমুন, পদগুলা ক্রিয়া বিশেষণের বিশেষণ।

একক শব্দক দিয়া আরো শব্দদ্বিত্বের সাহায্যতও বিশেষণ পদ হবার পায়। শব্দ গুচ্ছের সাহায্যতও হবার পায়।

একক শব্দ দিয়া বিশেষণ ঃ—

ভাল কাথা

সুন্দর কইনা

শব্দ দ্বিত্বের সাহাষ্যত ঃ— গোল গোলা রস

টক টকা পাকা

গুজ গুজা আগাল

থুক থুকা কাটা

পুচ পুচা বেলা

শব্দ গুচ্ছের সাহায্যতও বিশেষণ পদ হয় ঃ

বাপ জোঙাতি ভিটা

ঘ্যান ঘুসুরি মানসি

মাই মুসুরি ছাওয়া

ওদর খাউপ সা বেটা ছাওয়া।

সংস্কৃতত সর্বনাম শব্দ মোট ৩৫টি

ঐলা ৫ ভাগত বিভক্ত

১) সর্বাদি ২) অন্যাদি

৩) পূর্বাদি ৪) যদাদি

৫) ইদমাদি

১) সর্বাদি— সর্ব, বিশ্ব, উভ, উভয়, এক, একতর, ত্বত্, ত্ব, সম, সিম্. নেম, দ্বি

২) অন্যাদি— অন, অনতর, ইতর, ততর, ততম, একতর কতর, কতম

৩) পূর্বাদি— পূর্ব, পর, অপর, অবর, (Western, Posterior) অধর (Posterior, Low), দক্ষিণ (south), উত্তর, স্ব (self) অন্তর।

৪) যদাদি— যদ্, তদ্, ত্যদ্ এতদ্ কিম্

৫) ইদমাদি— ইদম্, অদস্, যুস্মদ্, ও ভবৎ, অস্মদ্

এইলা সর্বনাম শব্দের মধ্যত নীচের সর্বনাম গুলার ব্যবহার এই ভাষাত দেখির পাওয়া যায় ঃ—

সংস্কৃত ঃ— কামতা পুরি ভাষাত

সর্ব 7 সউগ

বিশ্ব (all 7 বিশাল)

অস্মদ্ ঃ— অহম্ 7 হম্ 7 হমরা > হামরা 7 হামার (৬ষ্ঠী বিভক্তি)।

সং— ময়ি > মুঁ (মৈথিলী)

মুঁ > মঞ > মুই

যুস্মদ ঃ— সং-ত্বয়ি > তুঁ (মৈথিলী) > তুঞ > তুই (কাঃ পুঃ)

সং-ত্বম > ত্বম + রা > ত্বমরা, ত্বমার (৬ষ্ঠী) > ত্বমরালার (বহু বচন)

,, পূর্ব > পুব ; পুব দিক্

,, পর > পর ; পরাক দিয়া পর পর্শে

আষাঢ় শনি দেওয়া বর্ষে

,, অপর > অপর ; অপরক দিয়া ভর্সা পাওয়া যায় না।

,, অধর, (পরার বা নিচ) > অধরা > আধরা (বিশেষণ) ; আটুয়া ভাত

উঃ— পরার আধরা খায়া দিন কাটেবার নার্গাচস্ ?

,, দক্ষিণ > দাক্ষিণ ; কেশ আউলাইল মোর দাক্ষিণা বাতাসে।

,, স্ব > স্ব-ভাব

,, অন্তর > তিন দিনা অন্তরত

,, যদ্ > যত ; যত + লা, যতলা ; উঃ যতলা কাথা কলু মনতই থাইকবে না।

সং-কামতাপুরি ভাষাত

তদ তত ; তত + লা ; ততলা (বহু বচন)

যতলায় চাবু ততলায় পাবু

সং-এতদ > এত উঃ— ভগবান ভোগ ক্যানে মোক দিচেন ?

এত + লা 7 এতলা ; এতলা ভাত কেমুন করি খাং।

কিম্ > কি ; তুই কি করিস এলা ?

ইদম্ 7 এই ; ওই ভাবত কথা কইস ক্যানে ?

এইলা গান গওয়া না যায় ।

অদস্ 7 ঐ দিন যাবা 7 ঐলা শাক ভাল ।

মৈথিলী :— ওবে > উয়ে > উয় 7 উয়ায় ; তুচ্ছার্থে

উঃ— উয়ায় যায়

মৈথিলী :— ওমে > ওমে ৲ উমে 7 উম 7 উমায়

তুচ্ছার্থে— উমায় যায়

মান্যার্থে :— উমরা যায় ।

অব্যয় পদ

পদ দুই পরকার

নাম পদ— ক্রিয়া পদ

খেলা নাম পদ লিঙ্গ, বচন, কারক বিভক্তি ভেদে রূপ বদল করে না ঐলা অব্যয় পদ ।

যেমন :— নাইলে, বলি, বুলি, বাদে, তানে ইত্যাদি ।

এই ভাষার প্রচলিত অব্যয় গুলা :—

অতি বেথা, খুব অবশ্য বেশি, আজি, কম, হাঁ, আর যতক্ষণ, নানান, পুনঃ, কোনদিন, এলা, কালি, না, যত, তত, অত্যন্ত, খানেক, খালি, অতিশয়, সউগ, যো, থান, হেনে, ততখনে, হটাসে, পুনরায়, সাক্ষাৎ, এত নোঙার, নাই, হইতে, কলকল, টকটক্, নাকান, জন্যেকার, বিনে, ধুধু, শনশন, কুচকুচ্, সইতে, জন্যে ছাড়া, দিয়া, খাঁখাঁ, হন্ হন্, পরায়, সাথত, নিমিত্তৎ, থাকি, ঝলঝল কচ্‌কচ্ মতন সঙ্গত, দরুণ, এবঙ, তবু, যাদু, না হয়, যাই, অদি, সেই মতন, ও নাতেন, যেনে, সেই বাদে, তাই অদিনা, সেই নাকান আর, অথবা, না, কি, অতএব যেই, কুঠাৎ,

কিন্তুক, যদু, হয় হয়তোবা, ওকি যেইল, অমাইনস্যেৎ, ওলা, ভাইল্যা, গাস্যেক, কুল্লে, কোনটে, কুৎতি্য, হাতে, অতি্য, উতি্য, ওটে, আটি, হুতি্য, হেতি্য, এইসম, সেইসম,ঐসম, উদিস, আদুরা, নান্দুরা, হিটা, হেটা, সেটা, সেইটা, ঐটা, গোটা, গোটো, গুটি, সোটি, সেইলা, যেইলা, অমুক, তমুক ।

ক্রিয়া ও ক্রিয়ার রূপতন্ত্র বা ঢকতন্ত্র

কামতাপুরী ভাষাত ধাতুবর্গ

১) সংস্কৃত ধাতু :—

যা, কর, খা, দেখ, শুন, হান, পড়, বস, ভাঙ্, দর্প, তর্প, দে, ই, ভজ, গম, পত, ইত্যাদি ।

২) কামতাপুরী ধাতু :— উদাহরণ

ঠ্যাল, খোরা, ডুবা, চুবগা, থেবগা, হ্যাচকা, খেটকা, নেটকা, ঘোটকা, মটকা, উটকা, ধবগা, ভুকা, চুল্কা, পোচকা, ভুলকা, ধ্যান্দা, গেন্দা, গোন্দা, সোন্দা, ফরকা, ধমকা, চমকা, উজা, ভাইটা, বেড়া, ঘুরা, থাকা, ফিরা, ঠাওরা, নেদা, কোসা, নাগা, গুলা, ভুলা, হুলা, জোখা, ভজা, গোজা, ফোরা, গুড়া, ঢিসা, বিজলা, নুকা, মচকা, হোসকা, কোকসা, ভেসেরা বেসেরা, কোসা, হুসা, ঘুসা, নিন্দা, ছাবা, খেওয়া, ফেলা, আচরা ।

ঠ্যাল— ঠ্যালেক

খোড়া— খোরেক ; পাগার খোরেক/খোরে

ডুবা—উয়াক জলত ডুবাও

চুবগা— ছাওয়াটাক জলত চুবগাও

থেবগা— রোয়া থ্যাবগে থুইলে একদিন না একদিন ফল পাওয়া যাবে

হ্যাচকা— মানসিটা হ্যাচকায় কেনে ।

খেটকা— তুই কেনে দাত খেটকের ধরাচস

নেটকা— বারে বারে নেটকে বসিস কেনে ?
মটকা— ঘার মটকের ধইরচে।
উটকা— ভালখন থাকি উয়াক উটাকি বেড়ের ধইরচং
ধবগা— ধবগাইলে সউগ সময় কামাই আদায় করি নেওয়া না যায়।
ভুকা— মাথাত ভুকাইলে কথা খারাপ হইবে।
চুল্কা— ছাওয়াটা খালি গাও চুলকায়
পোচকা— ভয়তে মানসিটা পোচকা নাগি গেইচে
ভুল্কা— নদীত মাছ ভুল্কিবার ধইরচে।
ধ্যান্দা — ধ্যানন্দেয়া দেখেক দেখির পারু।
পেন্দা — কাপড় খান পেন্দেক।
গোন্দা— পচা কুমড়াটা গোন্দেবার ধইরচে।
সোন্দা — ঘরত সোন্দাইস ক্যানে, বিরাও।
ফরকা — চকু ফরকেবার ধইরচে।
ধমকা — অমুন করি ধমকাইস ক্যানে।
চমকা— দেওয়া চমকেবার ধইরচে।
উজা— বইন্যার জলত মাছ উজায়।
ভাইটা— বেকায়দায় পড়ি এলা ভাইটিবার ধরছিস।
বেড়া— বেলাভাটি বেড়েয়া আসিলু।
ঘুরি— ঘুরি বেড়েবার ধইরচে মানসিটা।
থাকা— ঘাটাত থাকি আচিস ক্যানে ?
ফিরা — ঘুরি ফিরি বারো বাড়িত বসি তেরো।
ঠাওরা— উয়ার কাছত ঠাওরা বড় দায়
নেদা— বলটা নেদাও
কোসা— দড়িখান কোসাও তো
নাগা— শুকুটা নাগচিস ক্যানে ?
গুলা— বাঘটাক গুলাও (গুলিকর) তো

হুলা— ডাকাইত টাক হুলাও।

ক্রিয়া রূপ :—

বচন, পুরুষ এবং কাল ভেদে ক্রিয়া বিভক্তির রূপ।

কামতাপুরী ভাষাত মোট নয় পরকার ক্রিয়ার কাল :—

১) সাধারণ বর্তমান
২) ঘটমান বর্তমান
৩) পুরাঘটিত বর্তমান
৪) আদেশ বা অনুজ্ঞা
৫) সাধারণ অতীত
৬) ঘটমান অতীত
৭) নিত্যবৃত্ত অতীত
৮) সাধারণ ভবিষ্যৎ
৯) ঘটমান ভবিষ্যৎ

পরাঘটিত ভবিষ্যৎ কালের প্রয়োগ দেখা যায় না।

বর্তমান (সাধারণ বর্তমান)

প্রথম পুরুষ— এক বচন— য়, এ
বহু বচন— য়, ও, এন
মধ্যম পুরুষ— এক বচন— ইসু
বহু বচন— এনু
উত্তম পুরুষ— এক বচন— অঙু/অং
বহু বচন— ই

ঘটমান বর্তমান কাল (Present Continuous)

মূল ক্রিয়ার সাথত সাহায্যকারী ক্রিয়া যোগত ঘটিত হয় এই কাল।

প্রথম পুরুষ এক বচন ঃ— নাইগচে/ধইরচে
বহু বচন— নাইগচে/ধইরচে
মধ্যম পুরুষ এক বচন— নাইগচিস্/ধইরচিস্
বহু বচন— নাইগচেন/ধইরচেন
উত্তম পুরুষ— একবচন— নাইগচং/ধইরচন
বহুবচন— নাগচি/ধইরচি।

পুরাঘটিত বর্তমান (Present perfect tense)

প্রথম পুরুষ— এক বচন— চে/ইলেক্
বহু বচন— ইলেক/ইলচে
গৌরবে— ইলেন
মধ্যম পুরুষ— এক বচন— লু/চিস্
বহু বচন— ইলেন/চেন
উত্তম পুরুষ এক বচন—লুং
বহু বচন— লং

আদেশ/অনুজ্ঞা (Imperative mood)

প্রথম পুরুষ (এক বচন)— উক
বহু বচন— উক্
মধ্যম পুরুষ এক বচন— অ, এক্
বহু বচন— ও
গৌরবে— অন্, এন্

অতীতকাল (Past Indefinite)

প্রথম পুরুষ এক বচন—ইচে
বহু বচন—ইচে
গৌরবে—ইচেন
মধ্যম পুরুষ এক বচন—ইচিস্, চিস্
বহু বচন—চেন, ইচেন
গৌরবে—ইচেন
উত্তম পুরুষ এক বচন--চং / ইচং
বহু বচন— চি / ইচি।

ঘটমান অতীত (Past Continous)

প্রথম পুরুষ এক বচন—চিল / চিলেক
বহু বচন—চিল / চিলেক
গৌরবে—চিলেন
মধ্যম পুরুষ এক বচন – চিলু
বহু বচন—চিলেন।

উত্তম পুরুষ এক বচন—চিলু
বহু বচন—চিলং

নিত্যবৃত্ত অতীত (Past habitual Tense)

সাধারণ অতীত কালের নাকান ইয়ার প্রয়োগ। **কিন্তুক ক্রিয়া বিশেষণের** সাথত যোগ হয়া ইয়ার পরকাশ হয়। উদাঃ—সদায় / প্রত্যিদিন।

প্রথম পুরুষ একৰচন সদায়—ইচে
বহুবচন—সদায় / পত্যিদিনে ইচে
মধ্যম পুরুষ একবচন—সদায় / পত্যিদিনে চিস্

বহুবচন— সদায় / পতিত্যদিনে ইচেন

উত্তম পুরুষ একবচন – সদায় ইচং / চং

বহুবচন—সদায় ইচি / চি

সাধারণ ভবিষ্যৎ (Future Indefinite Tense)

প্রথম পুরুষ একবচন—বে, ইবে

বহুবচন—বে, ইবে. ইবেন

মধ্যম পুরুষ একবচন – বু, ইবু

বহুবচন– বেন, ইবেন

উত্তম পুরুষ একবচন—ইমু

বহুবচন—ম, ইম

ঘটমান ভবিষ্যৎ (Future Continuous)

প্রথম পুরুষ একবচন—ইবে, ইকবে

বহুবচন—বে, ইবে

গৌরবে—ইবেন

মধ্যম পুরুষ একবচন—ইবু

বহুবচন—ইবেন

গৌরবে—ইবেন

উত্তম পুরুষ একবচন—ই/রইম / থাকিমু

বহুবচন—থাকম / থাকিম / ইম

ঘটমান ভবিষ্যৎ কালটাও প্রয়োজনাতিরিক্ত বলিয়া বিবেচনা করা যাওয়ার পায়, সাধারণ ভবিষ্যৎ কালক দিয়াই ইয়ার ভাব পরকাশ হওয়ার পায়।

ধাতু রূপ ঃ—

কর ধাতু ঃ—

বর্ত্তমান কাল (সাধারণ বর্ত্তমান) Present Indefinite

প্রথম পুরুষ একবচন— উয়ায় করে

বহুবচন—উমরা করে

গৌরবে – উমরা করেন

মধ্যম পুরুষ একবচন—তুই করিসু

বহুবচন—তোমরা করেন

গৌরবে—তোমরা করেন

উত্তম পুরুষ একবচন—মুই করং

বহুবচন—আমরা করি

ঘটমান বর্ত্তমান (Present Continuous)

প্রথম পুরুষ একবচন—উয়ায় / উমায় করির নাইগচে / ধইরচে

বহুবচন—উমরা করির নাইচেন / ধইরচে

গৌরবে—উমরা করির নইগচেন / ধইরচেন

মধ্যম পুরুষ একবচন—তুইঁ করির নাগাচসু / ধইরাচসু

বহুবচন— তোমরা করির নাইগচেন / ধইরচেন

গৌরবে— ,, ,, ,, ,,

উত্তম পুরুষ একবচন —মুইঁ করির নাইগচং / ধইরচং

বহুবচন— আমরা করির নাইগাচ / ধইরাচং

পুরাঘটিত বর্ত্তমান (Present perfect Tense)

প্রথম পুরুষ এক বচন— উয়ায় / উমায় করির নাইগলেক / ধইরলেক

বহুবচন—উমরা করির নাইগলেক / ধইরলেক

গৌরবে—উমরা করির নাইগলেন / ধইরলেন

মধ্যম পুরুষ একবচন— তুইং করির নাগলু / ধইরলু
বহুবচন— তোমরা করির নাইগলেন / ধইরলেন
গৌরবে— ঐ ঐ ঐ ”
উত্তম পুরুষ একবচন— মুই করির নাগলুং / ধইরলুং
বহুবচন— আমরা করির নাইগলং / ধইরলং

অনুজ্ঞা (Imperative mood)

প্রথম পুরুষ একবচন— উয়ায় / উমায় করুক
বহুবচন— উমরা করুক
গৌরবে— উমরা করুক
মধ্যম পুরুষ একবচন— তুইং করেক / কর
বহুবচন— তোমরা করেন / কর
গৌরবে— তোমরা করেন

অতীত কাল (সাধারণ অতীত) Past Indefinite)

প্রথম পুরুষ একবচন— উয়ায় / উমায় কইরচে
বহুবচন— উমরা কইরচেন / কইরচে
গৌরবে— উমরা কইরচেন
মধ্যম পুরুষ একবচন— তুই করচিস
বহুবচন— তোমরা কইরচেন
গৌরবে— তোমরা কইরচেন
উত্তম পুরুষ একবচন— মুইং কইরচুং / কইরচং
বহুবচন— আমরা করচি

ঘটমান অতীত (Past Continuous Tense)

প্রথম পুরুষ ১ বচন — উয়ায়/উমায় করির ধইরচিলেক/নাইগচিলেক/নাইগচিল।
বহু বচন — উমরা করির ধইরচিলেক / ধইচিলেন / নাইগচিলেন।
গৌরবে — ঐ
মধ্যম পুরুষ এক বচন — তুই করির নাগচিলু / ধইরচিলু।
বহু বচন — তোমরা করির নাগচিলেন
উত্তম পুরুষ এক বচন— মুই করির নাগচিলুং।
বহু বচন— আমরা করির নাগচিলং

নিত্যবৃত্ত অতীত (Habitual Past)

প্রথম পুরুষ একবচন—উয়ায় / উমায় সদায় / পতিদিন কইরচে
বহুবচন — উমরা সদায় / পত্যিদিন কইরচে।
গৌরবে — উমরা সদায় / পত্যিদিন কইরচেন।

ভবিষ্যৎ কাল (Future Tense)
সাধারণ ভবিষ্যৎ (Future Indefinite)

প্রথম পুরুষ একবচন — উয়ায় / উমায় কইরবে।
বহুবচন — উমরা কইরবে।
গৌরবে — উমরা কইরবেন।
মধ্যম পুরুষ একবচন — তুই করিবু / কইরবু।
বহুবচন — তোমরা কইরবেন।
গৌরবে — ঐ
উত্তম পুরুষ একবচন — মুই করিমু।
” বহুবচন — আমরা কইরম / করম।

ঘটমান ভবিষ্যৎ (Future Continuous)

প্রথম পুরুষ একবচন— উমায় / উয়ায় করির ধইরবে।
" বহুবচন — উমরা করির ধইরবে।
গোরবে — উমরা করির ধইরবেন।
মধ্যম পুরুষ একবচন — তুই করিবু / করির ধরিবু।
বহুবচন — তোমরা কইরবেন / করির ধইরবেন।
উত্তম পুরুষ একবচন — মুঁই করির ধরিম।
" বহুবচন — আমরা করির ধরম / ধরিম।

ধাতুক বা ক্রিয়াক পাঁচটি ভাগে ভাগ করা হয় ঃ—

i) নিজন্ত ধাতু
ii) নাম ধাতু
iii) ধ্বন্যাত্মক ধাতু
iv) সংযোগমূলক ধাতু
v) যৌগিক বা মিশ্র ধাতু

নিজন্ত ক্রিয়া / ধাতু (Conative Verbs)

আন আনুষক দিয়া কোন কাজ করেয়া নেওয়ার বাদে যেই ক্রিয়া ব্যবহার করা হয় তাক নিজন্ত ক্রিয়া কয়।

√দেখা + ও = দেখাও — ছাওয়াটাক চান দেখাও।
√শোন + ও = শোনাও — উমাক গান শোনাও।
√হাটা + ও = হাটাও — বাচ্চাটাক হাটাও।
√খোয়া + ও = খোয়াও — ছাওয়াটাক দুধ খোয়াও।
√ভাজা + ও = ভাজাও — বেতটাক ভাজাও তো।

√নাচা + ও = নাচাও — পুতুলা নাচাও।
√হাসা + ও = হাসাও — বাপইটাক হাসাও।
√ঢুকা + ও = ঢুকাও — আসামীটাক জেলত ঢুকাও।
√পেন্দা + ও = পেন্দাও — কইনাটাক কাপড় পেন্দাও তো।
√লেখা + ও = লেখাও — ছাত্রটাক লেখাও।
√ছ্যাকা + ও = ছ্যাকাও — উয়াক দিয়া দুধ ছ্যাকাও।

নাম ধাতু (Verbal Noun)

বিশেষ্য পদ যেলা ক্রিয়ার নাকান ব্যবহৃত হয় সেলা তাক নাম ধাতু কওয়া হয়। নাম ধাতুর ব্যবহার কামতাপুরী ভাষাত দেখির পাওয়া যায়।

যেমুন— কাশ—কাশায়, মরুচের ধক বড় কাশায়।
হাত—হাতায়, মোক হাতেয়া বোঝেক তো ?
ঘিন—ঘিনায়, নিঘিনাক ঘিনায় না
আসমানক ও ডরায় না।
ঝলক—ঝলকায়, দেওয়া ঝলকায়।
ফরকা—ফরকায়, চকু ফরকাইস কেনে ?
খুজলা—খুজলায়, বারে বারে খুজলায় কেনে ?
ঘোল—ঘোলা, গুড়াগুলা জলত ঘোলাও।
গোলা—গোলায়, রং জলত গোলাও।
ধমক—ধমকায়, অমুন করি ধমকেবার নাগচিস্ ক্যানে ?
ভুকি—ভুকাও, মোর পিঠিত ভুকাও ত।
লাঠি—লাঠায়, চোরটাক লাঠাও ত।
বেত—বেতাও, দুষ্ট ছাওয়াটাক বেতাও।
ঠেঙ্গা—ঠেঙ্গাও, সাপটাক ঠেঙ্গাও।

ধ্বন্যাত্মক ধাতু ঃ

ধ্বন্যাত্মক শব্দ ধাতরূপত ব্যবহৃত হয়া থাকে।

হ্যাসপ্যাসা > হ্যাসপ্যাসায়, মানষিটা আসি হ্যাসপ্যাসের ধরিল।
ফোঁস 7 ফোঁস ফোঁসায়, সাপটা ফোস ফোসায়।
টনটন 7 টনটনায়, ঠ্যাঙটা বিষতে টন টনায়।
ভনভন 7 ভনভনায়, মাছিটা ভনভনেবার ধরিল।
চড়চড়া 7 চড়চড়ায়, গাওটা চড়চড়েবার ধরিল।
হুরহুড়া 7 হুরহুরায়, হুরকা হুরহুরি আসিলেক।
গুরগুড়া 7 গুরগুরায়, বাঘটা গুরগুরির ধরিল।
দেওয়াটা গুরগুরায়।
খুলখুলা 7 খুলখুলায়, জলত খুলখুলিবার ধরচিস ক্যানে ?
গুণ-গুণা 7 গুনগুনায়, অমুন করি গনগুনাইস ক্যানে ?
খুলখুলা > খুলখুলায়, খুলিৎ মাছটা খুলখুলির ধইরচে।
প্যান প্যানি > প্যানপ্যানায়, মশা কানের গোড়ত প্যানপ্যানায়।
ঘ্যাচ ঘ্যাচি > ঘ্যাচঘ্যাচায়, মাওটা কেমুন করি ঘ্যাচঘ্যাচেবার ধইরচে।
প্যাক প্যাকি > প্যাকপ্যাকায়, অমুন করি প্যাকপ্যাকাইস ক্যানে ?
হুক হুকা > হুকহুকায়, শুয়রের নাকান হুকহুকায়।
গজ গজা > গজগজায়, মানষিটা রাগত গজগজেবার ধইরচে।

সংযোগমূলক ধাতু

পসকার > পসকার পাওয়া, এমুন করি ভাজ করা খাইবে যেনে কাওো পসকারে না পায়।
উল্টাটি > উলটি দেখা, টাকাটা উলটি দ্যাখেক।
বারাম > বারাম দেয়, ঠাকুরক বারাম দেয়।

ভোগা দেওয়া > ভোগা দেয়, কাতিক মাসের সাংরান্তিত মানষিলা ঘিউয়ের ভোগা দেয়।
তুলতি > তুলতি ধরা, খালি নিজের ছাওয়াক তুলতি ধরিস, কারো ভিতি চাইস না।
শুনতি > শুনতি দেওয়া, এক কথাত শুনতি দিবার চায় না মানষিটা।
বিলাই > বিলাই পরা, বেয়া কথা শুনি উয়ার বিলাই পড়ি গেইল।
পিলাই খরা > পিলাই খরায়, বাজে কথা শুনি মোর পিলাই খরে গেইল।
সরমথা > সরম খাওয়া, সরম খাওয়া ভাল নোঙায়।
দুকুস পা > দুকস পাওয়া, তোর ব্যবহারত আমরা দুকুস পাচি।
বিষম খা > বিষম খাওয়া, অমুন করি আজি বিষম খাওয়ার নাগচুং ক্যানে ?
ধুন্দধর 7 ধুন্দধরা, লোকটা ধুন্দ ধইরচে।
গোন্দবিরা > গোন্দবিরায়, পচা মাছের গোন্দ বিরির নাইগচে।
ভুটকি বিরা > ভুটকি বিরায়, চারাগুলা এলা ভুটকি বিরির নাইগচে।
উটকি বেরা > উটকি বেরায়, গোটায় দিন তোমাক উটকি বেরেবার ধইরচে।

দেহার অংশগুলার নাম ঃ—

চুলি—খাড়া চুলি, থরথরা চুলি, কোকরা চুলি, থুবরি নাগা চুলি, মটুক চুলি, ভোমরা চুলি, লালপাতিয়া চুলি, দীঘলা চুলি, ঝাপুর ঝুপুর চুলি, ঢাঙা চুলি, বান্নির খাটি চুলি, রেশমি চুলি, ম্যাঘের নাকান চুলি।
মাথা—দীঘলা মাথা, চ্যাপটা মাথা, গোলেয়া মাথা, নাড়িয়া মাথা, চুলিয়া মাথা, গুটুমা মাথা।
চকু— ক] ভুরু—উপুরা ভুরু, নামা ভুরু।
খ] কোটা—উপুরা কোটা, নামা কোটা।

চকুর ভয়া, চকুর ছাওয়া, চকুর পাতা, কোনা, চকুর নেবরাই, চকুর জল, চকুর মসং, কালছাই চকু, হলদিয়া চকু, লাল চকু, খারা চকু, উপরা চকু, মিরমিরা চকু, গোরগোরা চকু।

কপাল—ডিয়া কপাল, লক্ষ্মী কপাল, টেরিয়া কপাল, খুটা কপাল, কুন্দা কপাল, চান্দা কপাল, ফাটা কপাল।

নাক—ডনডনা নাক, বোচেয়া নাক, থ্যাবরা নাক, চ্যাপ্টা নাক, বিনবিনা নাক, টেরিয়া নাক, মোটা নাক, দীঘল নাসা / নাক।

কান—কানের লতা, কান কাসি, উপ্রা কান, কান নাটা কান তালা, কানের পর্দা। কানের হাড়িয়া।

মুখ—থ্যাবরা মুখ, মেলা মুখ, ওসার মুখ, বাটা মুখ, গোলেয়া মুখ, গোজা মুখ তুরতুরা মুখ, দীঘলা মুখ, কালা মুখ, হাসি মুখ, গোমটা মুখ।

দাঁত—কোদাল দাঁত, চিরল দাঁত, এন্দুর দাঁত, চ্যাপ্টা দাঁত, লম্বা দাঁত, খাটো দাঁত, পেরির দাঁত, সামনের দাঁত, কানির দাঁত।

ঠোঁট—উপ্রা ঠোঁট, নামা ঠোঁট, মোটা ঠোঁট, পাতলা ঠোঁট, কাটা ঠোঁট।

গাল—গাল, গালসি, চেম্রা নাগা গাল, ভাউকসা গাল, টনটনা গাল।

হোতলাই—দীঘলা হোতলাই, খাটো হোতলাই, সরু হোতলাই।

গালা—দীঘলা গালা, খাটো গালা, হাস গালা।

ধর—বুক, বুকের ছাতি, বুকের টারুয়া, দুধ, প্যাট, নাসটি, নামা প্যাট, উপ্রা প্যাট, পাজরা, কমর, চরপ্যাটা, হাটু, ঠ্যাং, গোড়ালি, পাতা, নগুল, বড়া নগুল, কানি নগুল, মধ্যের নগুল, কিলকানি, পত্তির, হাতের তালা ঠ্যাংয়ের তালা, ঘাইন, চামড়া, গোটা চামড়া, ঢিল চামরা, টান চামরা, তেল তেলা চামড়া, নুসপুসা চামড়া, খোস খোসা চামড়া, আচলাই, তিল, চুলি।

প্যাটের বিষ:—চিন চিনি বিষ, ছম ছমি বিষ,, হাকাৎ করি ওঠা বিষ। কামড়া বিষ। বালাউ বালাউ করা বিষ। মোচড়া বিষ। বিন্দ হানা বিষ। চিন্নিৎ করি ওঠা বিষ, কোর কোড়া বিষ, উমলি উমলি ওঠা বিষ।

বুকের বিষ:—বুক ধাকাৎ ধাকাৎ করা, ছম ছমা, পোড়া যাওয়া, ধকর ধকর করা, ধপ ধপ, ফাং ফাংয়া হওয়া, ছ্যাং ছ্যাংয়া হওয়া, গরম হওয়া, ঢিপিস ঢিপিস করা, বিল বিলা, ধরফরায়

মন—খুলবুলা, নালায়, আউলায়, বান্দা, আচাং ছ্যাং করা, উরাং বাইরাং করা, ধরপড়ায়, আটকুরায়, উষখুসায়, উসপুসায়, খোসখোসা, গেলগেলা হওয়া, কান্দে, নাচে, ছলবলায়, ঘেংরায়, ডোকরায়, ভরা, ঠান্ডা হওয়া, জুরায়, ঝুরি থাকে, খোকরায়।

কৃষি যন্ত্র—নাঙল, ইস, ফাল, বেঙফাল, দাঁশ, পেন্টা, ঘাট, ছেন্দা, বাসা, পাশি, ডাকুরা, মই, বেদা, হাচাকিন, জাউনি, জোঙাল, ফুটকি, জোড়ন, নাকড়া, ভাকুরা।

মাছ ধরার যন্ত্র—জাকই, খলাই, বুরুং, জংলা, ঠুঁসি, ঢোকসা, ধোরকা, ষান, পাতা ছ্যাচলা, খাদিন, ঝোকা, চাক, থোরকা, কোচা, পাচখাটিয়া, টেপাই টেমাই।

বাঁশের ব্যবহারিক বস্তু—ডোল, কুলা, চাইলন, চংয়াই, ঢোকসা, চেলা, দোন টালা, খুচি।

ঝারু দিবার যন্ত্র—বান্নি, ঝাটা, চেল্ল।

কৃষি ক্ষেত—খুলখুলা, ওদোর খোদর, ইটা, খুকরা, জাবুরা, ঢেলা, কাদো, ভ্যার মাইটাল, বালাসি, দোখন্দি, একখন্দি, মরাজমি, আইটাল জমি।

একটা গছের বিভিন্ন ভাগের নাম কেমুন হয় উয়ার নমুনা :—

কলার গছ—কলার গোর, আগাল, খোল, ঢোঙল, ঢাগুনা, পাত, নেইচপাত, সোতর, পিড়ি, কলা, মোকচ, ঝেল্লা, ঝুকি, সিন্টা, চোচা, বিচি, চোমসা, ডিংরা, মোকচের ঢোঙল, সীপা, মাঝি পাত, পটুয়া, কলার গাজা, লোকা।

শব্দ ঢক তত্ত্ব (রূপতত্ত্ব)

দিনাজপুর, দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবেহার, গোয়াল পাড়ার শব্দ রূপের খানেক ব্যাগলতা বিদ্যমান—বিভক্তি প্রয়োগের ক্ষেত্রত উল্লেখযোগ্য বিষয় হৈল — উত্তর দিনাজপুরত ১মা বিভক্তির বহুবচনত লা, ভেল্লা; তৃতীয়ার দেনে, পঞ্চমীর একবচনত ত্যাক্যা, বহুবচনত ত্যাক্যা; সপ্তমী বিভক্তির—মাঝত; জলপাইগুড়ির পঞ্চমী বিভক্তির একবচনত তক্রা, বহুবচনত আক, সগাকে তক্রা, সপ্তমীর এর মাঝত হার সগার মাঝত, দক্ষিণ দার্জিলিং এর পঞ্চমী এক বচনত লোকটারঠ্যান তোকা, বহুবচনত লোকলারঠ্যান তোকা, সপ্তমীর এর মিঝত, লার মিঝত, কুচবেহারের প্রথমা বহুবচন — ঘর, সকল, দ্বিতীয়া অক বহুবচনত আক, তৃতীয়া অক দিয়া, বহুবচনত আক / আক দিয়া, পঞ্চমী—হাতে; থাকি; ৭মী অৎ, বহুবচনত আত্।

গোয়াল পাড়ার প্রথমার বহুবচনত সকল, পঞ্চমীত টে হাতে পারি / পারা; বহুবচনত গিলার পারা / গিলার পারি, লারটে হাতে, ৭মী এরটে, বহুবচন লারটে।

রংপুরের — প্রথমা একবচন এ বহুবচন গুলান, দ্বিতীয়া বহুবচন গুলানেক, তৃতীয়া বহুবচন গুলান দ্বারা/দিয়া, পঞ্চমী একবচন থেকি বহুবচনত গুলানের থেকি, ষষ্ঠী বহুবচন গুলানের; ৭মী এর মইধ্যে, বহুবচনত গুলানের মইধ্যে।

শব্দরূপের (বিশেষ্যর) হাইলচা : (দক্ষিণ দার্জিলিং)

মানষি

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মানষি	মানষিলা
দ্বিতীয়া বিভক্তি	মানষিটাক	মানষিলাক
তৃতীয়া বিভক্তি	মানষিটাক দিয়া	মানষিলাক দিয়া

	একবচন	বহুবচন
চতুর্থ বিভক্তি	মানষিটাক	মানষিলাক
পঞ্চমী বিভক্তি	মানষিটার ঠ্যান তোকা	মানষিলায় ঠ্যান তোকা
৬ষ্ঠী বিভক্তি	মানষির	মানষিলার
৭মী বিভক্তি	মানষির মিঝত	মানষিলার মিঝত

উত্তর দিনাজপুরের বিশেষ্য শব্দরূপের নমুনা :—

মানুষ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মানুষ	ভেল্লা মানুষ/ মানুষলা
দ্বিতীয়া বিভক্তি	মানুষটাক	মানুষলাক
তৃতীয়া বিভক্তি	মানুষটার দেনে	মানুষলার দেনে
চতুর্থী বিভক্তি	মানুষটাক	মানুষলাক
পঞ্চমী বিভক্তি	মানুষের ত্যাকা	মানুষলার ত্যাকা
৬ষ্ঠী বিভক্তি	মানুষের	মানুষলার
৭মী বিভক্তি	মানুষের মাঝত	মানুষলার মাঝত

জলপাই গুড়ির বিশেষ্য শব্দরূপের রূপ

মানুষ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মানষি	মানষি গিলা / মানষিলা
দ্বিতীয়া বিভক্তি	মানষিটাক	মানষি গিলাক
তৃতীয়া বিভক্তি	মানষিটাক দিয়া	মানষিলাক দিয়া
চতুর্থী বিভক্তি	মানষিটাক	মানষিলাক
পঞ্চমী বিভক্তি	মানষি টার তকা	মানষি গিলার তকা

	একবচন	বহুবচন
ষষ্ঠী বিভক্তি	মানষির	মানষি গিলার
সপ্তমী বিভক্তি	মানষির মাঝত	মানষি গিলার মাঝত

কুচবেহারের শব্দরূপের নমুনা :—

মানুষ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মানষি	মানষিগুলা, মানষিলা
দ্বিতীয়া বিভক্তি	মানষিক	মানষি গুলাক
তৃতীয়া বিভক্তি	মানষিক দিয়া	মানষিগুলাক দিয়া
চতুর্থী বিভক্তি	মানষিক	মানষিগুলাক
পঞ্চমী বিভক্তি	মানষির থাকি / হাতে / ঠে	মানষিগুলার থাকি/হাতে / ঠে
ষষ্ঠী বিভক্তি	মানষির	মানষিগুলার
সপ্তমী বিভক্তি	মানষির মইদ্দে / ঠাই / মানষিৎ	মানষিগুলার মইদ্দে / ঠাই মানষিগুলাত

গোয়াল পাড়ার শব্দ রূপের নমুনা :—

মানুষ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মানষি	মানষিগিলা
দ্বিতীয়া বিভক্তি	মানষিক	মানষিগিলাক
তৃতীয়া বিভক্তি	মানষিক দিয়া	মানষিগিলাক দিয়া
চতুর্থী বিভক্তি	মানষিক	মানষিগিলাক দিয়া
পঞ্চমী বিভক্তি	মাইনষের পারি / পার	মানষিগিলার পারি/পারা
ষষ্ঠী বিভক্তি	মাইনষের	মাইনষি গিলার
সপ্তমী বিভক্তি	মানষিটার ভিতরত / মাজত	মানষিগিলার ভিতরত/মাজত

রংপুরের শব্দরূপের নমুনা :—

মানুষ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মাইনষে	মাইনষেরা / মানষিগুলান
দ্বিতীয়া বিভক্তি	মাইনষেক	মাইনষিগুলানেক
তৃতীয়া বিভক্তি	মাইনষের দিয়া	মাইনষিগুলান দিয়া
চতুর্থী বিভক্তি	মাইনষেক	মাইনষিগুলানেক
পঞ্চমী বিভক্তি	মাইনষের থেকি	মাইনষিগুলানের থেকি
ষষ্ঠী বিভক্তি	মাইনষের	মাইনষিগুলানের
সপ্তমী বিভক্তি	মাইনষের মইধ্যে / মাঝত	মাইনষিগুলানের মইদ্দে/মাঝত

সর্বনাম শব্দের রূপ : (দক্ষিণ দার্জিলিং)

মৈথিলী— মৈঁ > মঞ > মুইঁ > মুই (বাংলা — আমি)

মুই (উত্তম পুরুষ)

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মুই	হামা
দ্বিতীয়া বিভক্তি	মোক	হামাক
তৃতীয়া বিভক্তি	মোক দিয়া	হামাক দিয়া
চতুর্থী বিভক্তি	মোক	হামাক
পঞ্চমী বিভক্তি	মোরঠ্যে তোকা	হামার ঘর তোকা / হামার ঠ্যে তোকা
ষষ্ঠী বিভক্তি	মোর	হামার
সপ্তমী বিভক্তি	মোর মিঝত	হামার মিঝত

মালদহের শব্দরূপ কুচবেহারের শব্দরূপের মত :— শুধু তৃতীয়া বিভক্তির একবচনে ও বহুবচনে দি এই বিভক্তির চিহ্ন সংযোজিত হয়া থাকে।

দক্ষিণ দার্জিলিং

তোমহা > তুই শব্দ (সর্বনাম শব্দ)

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	তোমহা, তুই	তোমহরা, তোমহা
দ্বিতীয়া বিভক্তি	তোমহাক, তোক	তোমহরালাক,
তৃতীয়া বিভক্তি	তোমহার দিয়া, তোর দিয়া	তোমহরালাক দিয়া
চতুর্থী বিভক্তি	তোমহাক তোক	তোমহারালাক
পঞ্চমী বিভক্তি	তোমহারঠ্যান তোকা তোরঠ্যান তোকা	তোমহরালঠ্যান তোকা তোমহারঠ্যান তোকা
ষষ্ঠী বিভক্তি	তোমহার, তোর	তোমহরালার, তোমহার
সপ্তমী বিভক্তি	তোমহার মিঝত তোর মিঝত	তোমহরালা মিঝত তোমাহার মিঝত

অয় > সে শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	অয়	অমহা
দ্বিতীয়া বিভক্তি	অক	অমহাক
তৃতীয়া বিভক্তি	অকদিয়া	অমহাক দিয়া
চতুর্থী বিভক্তি	অক	অমহাক
পঞ্চমী বিভক্তি	অরঠ্যান তোকা	অমহারঠ্যান তোকা
ষষ্ঠী বিভক্তি	অর	অমহার
সপ্তমী বিভক্তি	অর মিঝত	অমহার মিঝত

উত্তর দিনাজপুর, সর্বনাম শব্দের রূপ : মুই শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মুই	হামা

	একবচন	বহুবচন
দ্বিতীয়া বিভক্তি	মোক	হামাক
তৃতীয়া বিভক্তি	মোর দেনে	হামার দেনে
চতুর্থী বিভক্তি	মোক	হামাক
পঞ্চমী বিভক্তি	মোর ত্যাক্যা	হামার ত্যাক্যা
ষষ্ঠী বিভক্তি	মোর	হামার
সপ্তমী বিভক্তি	মোর মাঝত	হামার মাঝত

তুই শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	তুই	তোম্ভরা
দ্বিতীয়া বিভক্তি	তোক	তোম্ভরাক
তৃতীয়া বিভক্তি	তোর দেনে	তোম্ভরাক দেনে
চতুর্থী বিভক্তি	তোক	তোম্ভরাক
পঞ্চমী বিভক্তি	তোর ত্যাক্যা	তোম্ভহার ত্যাক্যা
ষষ্ঠী বিভক্তি	তোর	তোমহার
সপ্তমী বিভক্তি	তোর মাঝত	তোমহার মাঝত

অয় (সে) শব্দ, উত্তর দিনাজপুর

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	অয়	অম্ভরা
দ্বিতীয়া বিভক্তি	অক	অমহাক
তৃতীয়া বিভক্তি	অর দেনে	অম্ভরাক দেনে
চতুর্থী বিভক্তি	অক	অমহাক
পঞ্চমী বিভক্তি	অর ত্যাক্যা	অমহার ত্যাক্যা
ষষ্ঠী বিভক্তি	অর	অমহার
সপ্তমী বিভক্তি	অর মাঝত	অমহার মাঝত

জলপাইগুড়ি—সর্বনাম শব্দ রূপ—'মুই' শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মুই	হামা
দ্বিতীয়া বিভক্তি	মোক	হামাক
তৃতীয়া বিভক্তি	মোক দিয়া	হামাক দিয়া
চতুর্থী বিভক্তি	মোক	হামাক
পঞ্চমী বিভক্তি	মোরঠে তকা	হামারলারঠে তকা
ষষ্ঠী বিভক্তি	মোর	হামার লার
সপ্তমী বিভক্তি	মোর মাঝত	হামারলার মাঝত

জলপাইগুড়ি—'তুই' শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	তুই	তোমা সগায়, তোমহা
দ্বিতীয়া বিভক্তি	তোক	তোমাক সগাকে / তোমহাক
তৃতীয়া বিভক্তি	তোক দিয়া	তোমাক সগাকে / তোমহাক দিয়া
চতুর্থী বিভক্তি	তোক	তোমাক সগাকে / তোমহাক তকা
পঞ্চমী বিভক্তি	তোরঠে তকা	তোমারলারঠে তকা / তোমহার তকা
ষষ্ঠী বিভক্তি	তোর	তোমারলার / তোমহার
সপ্তমী বিভক্তি	তোর মাঝত	তোমরালার মাঝত, তোমহারলার মাঝত

জলপাইগুড়ি— 'অয়' (সে) শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	অয়	অমরা
দ্বিতীয়া বিভক্তি	অক	অমহাক
তৃতীয়া বিভক্তি	অক দিয়া	অমহাক দিয়া

	একবচন	বহুবচন
চতুর্থী বিভক্তি	অক	অমহাক
পঞ্চমী বিভক্তি	অরঠে তকা	অমহারঠে তকা
ষষ্ঠী বিভক্তি	তার	অমহার
সপ্তমী বিভক্তি	তার মাঝত	অমহার মাঝত

রংপুর—সর্বনাম শব্দ

'মুই' শব্দ

	একবচন	বচুবচন
প্রথমা বিভক্তি	মুই	হামরা
দ্বিতীয়া বিভক্তি	হামাকে, মোকে, মোক	হামারগুলানেক, আমারগুলানেক
তৃতীয়া বিভক্তি	মোর দ্বারা	হামারগুলানেক দিয়া
চতুর্থী বিভক্তি	হামাকে, মোকে মোক	হামারগুলানেক. আমারগুলানেক
পঞ্চমী বিভক্তি	মোর / হামার থেকি	হামারগুলানের থেকি
ষষ্ঠী বিভক্তি	হামার / মোর	হামার গুলানের
সপ্তমী বিভক্তি	মোর মইধ্যে	হামরাগুলানের মইধ্যে

'তুই' / তুমি শব্দ

তুচ্ছার্থে তুই, সম্মান বোধক অর্থে 'তুমি' (বাংলায় আপনি)

	একবচন	বহুবচন
থমা বিভক্তি	তুমি / তুই	তোমরা
তীয়া বিভক্তি	তোমাক / তোক	তোমরাগুলানেক
ীয়া বিভক্তি	তোমাক দিয়া / তোক দিয়া	তোমার গুলানেক দিয়া
র্থী বিভক্তি	তোমাকে/তোক	তোমারগুলানেক
মী বিভক্তি	তোমার থেকি /তোর থেকি	তোমারগুলানেক / তোমার গুলানের থেকি

	একবচন	বহুবচন
ষষ্ঠী বিভক্তি	তোমার, তোর	তোমার গুলানের
সপ্তমী বিভক্তি	তোমার মইধ্যে / তোর মইধ্যে	তোমার গুলানের মইধ্যে / তোমারগুলানের

তাঁয় / অয়—(সে) শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	তাঁয়, অয়	তামরা / উমরা
দ্বিতীয়া বিভক্তি	তাক, উয়াক	তামরাক, উমরাক
তৃতীয়া বিভক্তি	তাক দিয়া / উয়াক দিয়া	তামরাক দিয়া / উমরাক দিয়া
চতুর্থী বিভক্তি	তাক / উয়াক	তামরাক / উমরাক
পঞ্চমী বিভক্তি	তার / উয়ার থেকি	তামরার থেকি / উমরার থেকি
ষষ্ঠী বিভক্তি	তার / উয়ার	তামরার / উমরার
সপ্তমী বিভক্তি	তার মইধ্যে / উয়ার মইধ্যে	তামরার মইধ্যে / উমরার মইধ্যে

কুচবেহার

মুঁ > মুঞ > মুঁই শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	মুই	হামরা, আমরালা, আমরাগুলা, আমরা গিলা
দ্বিতীয়া বিভক্তি	মোকে, আমাক, মোক	আমাকগুলাক, হামরাগুলাক
তৃতীয়া বিভক্তি	মোকদিয়া / মোকে দিয়া আমাক দিয়া	হামরাগুলাক দিয়া, আমরাগুলাক দিয়া / আমরাগুলার দ্বারা
চতুর্থী বিভক্তি	মোকে, আমাক, মোক	আমাকগুলাক, হামরাগুলাক
পঞ্চমী বিভক্তি	মোর থাকি, মোর চাইতে, মোর চারা, মোর থাকিয়া, হামার থাকিয়া	আমারগুলার থাকি/ হামারগুলার চাইতে

	একবচন	বহুবচন
ষষ্ঠী বিভক্তি	মোর, হামার	আমারগুলার, হামারগুলার
সপ্তমী বিভক্তি	মোতে / আমাতে মোর কাছত, মোর ঠাঁইত, মোর গোরৎ, মোর লগত	আমাগুলাতে, আমারগুলার মাঝত, আমার গুলার ঠাঁইত, হামারগুলার গোরৎ

কুচবেহার—সর্বনাম শব্দ

মৈথিলী — তুঁ > তুঁঞ > তুঁই > তুই— কামতা পুরী ভাষা

তুঁই নাতেন তুই

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	তুঁই, তায়	তোমরা, তোমরাগুলা
দ্বিতীয়া বিভক্তি	তোক, তোমাক (গৌরবে)	তোমাক, তোমাক গুলাক
তৃতীয়া বিভক্তি	তোক দিয়া, তোকে দিয়া, তোমাক দিয়া	তোমাক দিয়া, তোমাকগুলাক দিয়া
চতুর্থী বিভক্তি	তোক, তোমাক	তোমাক, তোমাকগুলাক
পঞ্চমী বিভক্তি	তোর থাকি, তোর চায়া ত্বমার থাকি	তোমরাগুলা থাকি, তোমার থাকি ত্বমরাগুলার থাকি
ষষ্ঠী বিভক্তি	তোর, তোমার, ত্বমার	তোমাগুলার, ত্বমরালার
সপ্তমী বিভক্তি	তোর মাঝত, তোতে তোর কাছত, তোর গোরৎ	তোমারগুলার মাঝত / তোমার গুলাতে, তোমার কাছত

সংস্কৃত 'তদ্'>ওয়ে, Hindi—উ মৈথিলী > উমায়, উয়ায় (বাংলা—সে)

মৈথিলী— ওয়ে > ওয় > উয় > উয়ায় / উমায়

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	উয়ায় / উমায়	উমরা, উমরালা

	একবচন	বহুবচন
দ্বিতীয়া বিভক্তি	উয়াক্ / উমাক	উমাগুলাক, উমরালাক
তৃতীয়া বিভক্তি	উয়াক দিয়া / উমাক দিয়া	উমাকগুলাক দিয়া
চতুর্থী বিভক্তি	উয়াক / উমাক	উমারগুলাক
পঞ্চমী বিভক্তি	উয়ার থাকি / চায়া উ'য়ার হাতে / চাইতে / থাকি	উমার গুলার থাকি / চাইতে / হাতে
ষষ্ঠী বিভক্তি	উয়ার, উমার	উমারগুলার
সপ্তমী বিভক্তি	উয়াতে, উমাতে উমার ভিতরা / মাঝত	উমারগুলাতে উমারগুলাৎ

গোয়ালপাড়ার সর্বনাম শব্দের রূপ—'ময়' (বাংলা—আমি)

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	ময়	আমি
দ্বিতীয়া বিভক্তি	মোক্	আমাক্
তৃতীয়া বিভক্তি	মোক দিয়া	আমাক দিয়া, আমার গিলাক দিয়া
চতুর্থী বিভক্তি	মোক	আমাক
পঞ্চমী বিভক্তি	মোর পারি / পারা	আমার / আমার গিলার পারা
ষষ্ঠী বিভক্তি	মোর	আমার, আমার গিলার
সপ্তমী বিভক্তি	মোত	আমার ভিতরত / মাঝত

'তুই' শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	তুই	তুমরা গিলা / তুমিরা
দ্বিতীয়া বিভক্তি	তোক্	তুমাক্
তৃতীয়া বিভক্তি	তোক দিয়া	তুমাক দিয়া
চতুর্থী বিভক্তি	তোক্	তুমাক্

	একবচন	বহুবচন
পঞ্চমী বিভক্তি	তোর পারা	তুমার গিলার পারা
ষষ্ঠী বিভক্তি	তোর	তুমার গিলার / তুমার ঘরের
সপ্তমী বিভক্তি	তোর ভিতরত তোর মাঝত	তুমার গিলার ভিতরত / তুমার গিলার মাঝত

গোয়াল পাড়িয়া ভাষাত্ মধ্যম পুরুষত্ 'আপুনি' এই সম্মানসূচক সর্বনাম শব্দের ব্যবহার দেখা যায়।

'আপুনি' শব্দ রূপ

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	আপুনি	আপুনাঘর, আপুনা সকল
দ্বিতীয়া বিভক্তি	আপুনাক	আপুনাঘরক, অপুনা সকলক
তৃতীয়া বিভক্তি	আপুনাক দিয়া	আপুনাঘরক দিয়া, আপুনা সকলক দিয়া
চতুর্থী বিভক্তি	আপুনাক্	আপুনাঘরক আপুনাসকলক
পঞ্চমী বিভক্তি	আপুনার দ্বারা	আপনাঘরর / আপনা সকলর পারি / পারা।
ষষ্ঠী বিভক্তি	আপুনার	আপুনা সকলর, আপুনা ঘরর
সপ্তমী বিভক্তি	আপুনার ভিতরত/মাঝত	আপুনাঘরর / আপুনাসকলর আপুনা লোকর ভিতরত / মাঝত

'অয়ে' শব্দরূপ (সে)

	একবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	অয়ে	উমিরা
দ্বিতীয়া বিভক্তি	অক	উমাক্

	একবচন	বহুবচন
তৃতীয়া বিভক্তি	অর দ্বারা / অরদিয়া	উমার দ্বারা / দিয়া
চতুর্থী বিভক্তি	অক	উমাক্
পঞ্চমী বিভক্তি	অর পারা / পারি	উমার পারা / পারি
ষষ্ঠী বিভক্তি	অর	উমার
সপ্তমী বিভক্তি	অর ভিতরত, অর মাজত	উমার ভিতরত, উমার মাজত

দক্ষিণ দার্জিলিংয়ে ধাতুরূপক্ষেত্রত্ কামতাপুরী ভাষার অন্যান্য অঞ্চলের ভাষার ব্যাগলতা লক্ষনীয়

ধাতু বিভক্তির নমুনা দেওয়া হইল ঃ—

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ বা প্রথম পুরুষ
	একবচন	মান্যার্থে	তুচ্ছার্থেতি	
সাধারণ বর্তমান	চু	কর	ওএক	চে
ঘটমান বর্তমান	চু	চন	চিস্	চে
পুরাঘটিত বর্তমান	ইচু	ইচন্	ইচিস্	ইচে
সাধারন অতীত	ইচু	লেন	ইচিস্	ইল
নিত্যবৃত্ত অতীত	ইসুনু	চন্	ইস্লে	এচে
সাধারণ ভবিষ্যৎ	ইম্	ইবন্	ইব	ইবে
ঘটমান ভবিষ্যৎ	ইতে রহম্	ইতে রহন্	ইতে রহিস্	ইতে রহবে

অনুজ্ঞা বা আদেশের বিভক্তি

	মধ্যম পুরুষ	তৃতীয় পুরুষ (প্রথম পুরুষ)
সাধারন বর্তমান	অ (মন্যার্থেতি) ওএক (তুচ্ছার্থেতি)	ওক
ভবিষ্যৎ	বণ (মন্যার্থেতি) ইস্ (তুচ্ছার্থেতি)	ইবে

দক্ষিণ দার্জিলিং

'কর' ধাতুর রূপ

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ (প্রথম পুরুষ)
		মান্যার্থেতি	তুচ্ছার্থেতি	
সাধারণ বর্তমান	মুই করচু	তোমহা কর	তুই কোরেক্	অয় করচে
ঘটমান বর্তমান	মুই করচু	তোমহা করচন	তুই করচিস্	অয় করচে
পুরাঘটিত বর্তমান	মুই করিচু	তোমহা করিচন	তুই করিচিস্	অয় করিচে
সাধারণ অতীত	মুই করিচু	তোমহা করলেন	তুই করিচিস	অয় করিল
নিত্যবৃত্ত অতীত	মুই করিসুনু	তোমহা করচন্	তুই করিসলে	অয় করেচে
সাধারণ ভবিষ্যৎ	মুই করিম্	তোমহা করিবন্	তুই করিব	অয় করিবে
ঘটমান ভবিষ্যৎ	মুই করিতে রহম্	তোমহা করিতে রহন্	তুই করিতে রহিস্	অয় করিতে রহবে

অনুজ্ঞার বিভক্তি

	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ (প্রথম পুরুষ)
	মান্যার্থেৎ	তুচ্ছার্থেতি	
সাধারণ বর্তমান	তোমহা কর	তুই কোরেক	অয় করোক
ভবিষ্যৎ	তোমহা করণ	তুই করিস্	অয় করিবে

দিনাজপুর — ধাতু বিভক্তি

'কর' ধাতু

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
		মান্যার্থে	তুচ্ছার্থে	
সাধারণ বর্তমান	ও	ও	অ	এ

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
		মান্যার্থে	তুচ্ছার্থে	
ঘটমান বর্তমান	চু	চোন	চিস	চে
পুরাঘটিত বর্তমান	ইচ	ইচেন	ইচিস	ইচে
সাধারণ অতীত	নু	লোন	লো	ইল
নিত্যবৃত্ত অতীত	ন হলে	তোন	তো	তো
সাধারণ ভবিষ্যৎ	ইম	বোন	ইস	বে

অনুজ্ঞার বিভক্তি

	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
	মান্যার্থে	তুচ্ছার্থে	
সাধারণ বর্তমান	এ	—	ওক
ভবিষ্যৎ	বোন	ইস	বে

'কর' ধাতুর রূপ

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
		মন্যার্থে	তুচ্ছার্থে	
সাধারণ বর্তমান	মুই করো	তোম্রা করো	তুই কর	অয় করে
ঘটমান বর্তমান	মুই করচু	তোম্রা করচোন	তুই করচিস	অয় করছে
পুরাঘটিত বর্তমান	মুই করিচ	তোম্রা করিচেন	তুই করিচিস	অয় করিচে
সাধারণ অতীত	মুই করনু	তোমরা করলোন	তুই করলো	অয় করিল
নিত্যবৃত্ত অতীত	মুই করনু হলে	তোম্রা করতোন	তুই করতো	অয় করতো
সাধারণ ভবিষ্যৎ	মুই করিম	তোম্রা করবোন	তুই করবো	অয় করবে

অনুজ্ঞা বা আদেশের বিভক্তি

	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
	মান্যার্থে	তুচ্ছার্থে	
নিত্য বর্তমান	তোম্রা করো	তুই কর	অয় করোক
ভবিষ্যৎ	তোম্রা করবোন	তুই করিস	অয় করবে

মালদহ

মালদহতে ক্রিয়ার বিভিন্ন কালের বিভক্তিতে 'ছ'-এর প্রাধান্য লক্ষণীয়

ক্রিয়ার বিভক্তি

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
নিত্যবর্তমান	ও	এন	এ	—
ঘটমান বর্তমান	ছোঁ	ওছেন	ওছি	ওছে
পুরাঘটিত বর্তমান	ছু	ছেন	ছি	ছে
সাধারণ অতীত	নু	লেন	লু	লি
নিত্যবৃত্ত অতীত	ছুনু	ছেলেন	ছুলু	ছেলো

অনুজ্ঞার বিভক্তি

	মান্যার্থে	তুচ্ছার্থে	তৃতীয় পুরুষ
সাধারণ বর্তমান	ইও	—	উক
সাধারণ ভবিষ্যৎ	কেন	ইস	বে

'কর' ধাতুর রূপ

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
		মান্যার্থে	তুচ্ছার্থে	
নিত্যবর্তমান	মুই করো	তোমরা করেন	তুই কর	অয় করে

ঘটমান বর্তমান	মুই করছোঁ	তোমরা করোছেন	তুই করোছি	অয় করোছে
পুরাঘটিত বর্তমান	মুই কোছু	তোমরা কোছেন	তুই কাছি	অয় কোছে।
সাধারণ অতীত	মুই করনু	তোমরা কোলেন	তুই করলু	অয় কোলি
সাধারণ ভবিষ্যৎ	মুই করমু	তোমরা করিবেন	তুই করবু	অয় করিবে
ঘটমান ভবিষ্যৎ	মুই করি থাকুম্	তোমরা করি থাকবেন	তুই করি থাকবু	অয় করি থাকিবি,

অনুজ্ঞা

	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
	মান্যার্থে	তুচ্ছার্থে	
নিত্যবর্তমান	তোমরা করিও	তুই কর	অয় করুক
ভবিষ্যৎ	তোমরা করবেন	তুই করিস্	অয় করবে

জলপাই গুড়ি — ক্রিয়া বিভক্তি

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
		মান্যার্থে	তুচ্ছার্থে	
নিত্যবর্তমান	উ	এন	ইস্	এ
ঘটমান বর্তমান	এছু	এছেন	এছিস্	এছে
পুরাঘটিত বর্তমান	ইছু	ইছেন	ইছিস্	ইছে
সাধারণ অতীত	ইনু	ইলেন	ইলো	ইল্
সাধারণ ভবিষ্যৎ	ইম্	ইবেন	ইবো	ইবে
ঘটমান ভবিষ্যৎ	ইবার ধরিম্	ইবার লাগবে	ইবার লাগক	ইবার লাগবে

অনুজ্ঞা

	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
	মান্যার্থে	0	
নিত্য বর্তমান	এন	—	উক্
ভবিষ্যৎ	ইবেন	ইস	ইবে

জলপাইগুড়ি — 'কর' ধাতুর রূপ

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
		মান্যার্থে	তুচ্ছার্থে	
নিত্য বর্তমান	মুই করু	তোমহা করেন	তুই করিস্	অয় করে
ঘটমান বর্তমান	মুই করছু	তোমহা করছেন	তুই করছিস্	অয় করছে
পুরাঘটিত বর্তমান	মুই করিছু	তোমহা করিছেন	তুই করিছিস	অয় করিছে
সাধারণ অতীত	মুই করিনু	তোমহা করিলেন	তুই করিলু	অয় করিলেক
সাধারণ ভবিষ্যৎ	মুই করিমু, করির ধরিমু	তোমহা করিবেন, তোমহা করির ধরিবেন	তুই করিবো তুই করির ধইরবু	অয় করিবে, অয় করির ধইরবে

অনুজ্ঞার বিভক্তি

	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
	মান্যার্থে	তুচ্ছার্থে	
নিত্য বর্তমান	তোমহা করেন	তুই করিস্	অয় করুক
ভবিষ্যৎ	তোমহা করিবেন	তুই করিস্	অয় করিবে

কুচবেহার ও রংপুরের ধাতু বিভক্তির রূপ পরায় একই রকম। যেকুনা ব্যাগলতা তা উচ্চারণের হের-ফেরের জন্যে। মূলত একই ক্রিয়া বিভক্তি। ফলে এক্টে ক্রিয়ার রূপ দেওয়া হইল।

ক্রিয়া বিভক্তি

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ		তৃতীয় পুরুষ
নিত্য বর্তমান	ওং/ওঁ	এন	ইস	এ
ঘটমান বর্তমান	ইর ধইরচং/ ধরিচং	ইর ধইরচেন /ধরিচেন	ইর ধচ্চিস/ /চিস	ইর ধচ্চে /বার ধইরচে
পুরাঘটিত বর্তমান	চোঁ/চং	চেন	চিস	চে
সাধারণ অতীত	লোঁ/নু	লেন/ইলেন	লু	লে/ইলেক
ঘটমান অতীত	চিনু/লোঁ	চিচলেন/চিলেন	চিলু	চিলে/চিলেক
সাধারণ ভবিষ্যৎ	মো/ইম	বেন/ইবেন	বু/ইবু	বে/ইবে
ঘটমান ভবিষ্যৎ	থাকমু/থাকিম	থাকবেন/	থাকবু/	থাকবে

অনুজ্ঞা বিভক্তি

	মান্যার্থে	তুচ্ছার্থে	তৃতীয় পুরুষ
নিত্য বর্তমান	এন	এক	উক
ভবিষ্যৎ	বেন	ইস	বে

ক্রিয়া বিভক্তি

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ — মান্যার্থে	মধ্যম পুরুষ — তুচ্ছার্থে	তৃতীয় পুরুষ
নিত্য বর্তমান	মুই করোং/ করো	তোমরা করেন	তুই কর	উম্নায়/উমায় তায়—করে

	উত্তম পুরুষ	মধ্যম পুরুষ — মান্যার্থে	মধ্যম পুরুষ — তুচ্ছার্থে	তৃতীয় পুরুষ
ঘটমান বর্তমান	মুই করির ধইরচং/ধরিচং	তোমরা করির ধইরচেন/ ধরিচেন	তুই করির ধইরচিস ধরিচিস	উয়ায়/উমায় তায় করির ধইরচে/ধরিচে
পুরাঘটিত বর্তমান	মুই কইরচং /করিচং	তোমরা কইরচেন /করিচেন	তুই কইরচিস/ করিচিস	উয়ায়/উমায় তায় কইরচে/ করিচে
সাধারণ অতীত	মুই করিলং/ করিনু	তোমরা করিলেন /কইরলেন	তুই কইরলু করিলু	উয়ায়/উমায় তায় কইরলেক
ঘটমান অতীত	মুই করির ধইরছিনু/ ধইরছিলুং	তোমরা করির ধইরছিলেন	তুই করির ধরছিলু	উয়ায়/উমায় তায় করির ধরচিলেক/ ধরছিলেক
সাধারণ ভবিষ্যৎ	মুই করিম	তোমরা কইরবেন	তুই কইরবু	উয়ায়/উমায় কইরবে
পুরাঘটিত ভবিষ্যৎ	মুই করি থাকিম	তোমরা করি থাইকবেন	তুই করি থাইকবু	উয়ায়/উমায় করি থাইকবে

অনুজ্ঞার বিভক্তি

	মধ্যম পুরুষ	—	তৃতীয় পুরুষ
সাধারণ বর্তমান	তোমরা করো/ করেন	তুই কর	উয়ায়/উমায় তায় করুক
সাধারণ ভবিষ্যৎ	তোমরা কইরবেন	তুই করিস	উয়ায়/উমায়/ তায় কইরবে

গোয়াল পাড়া

ক্রিয়া বিভক্তি

